

রক্তাক্ত প্রান্তর

১. (ক) ট্র্যাজেডি কাকে বলে? ট্র্যাজেডি হিসেবে 'রক্তাক্ত প্রান্তর' নাটকের সার্থকতা বিচার কর। ১০

অথবা, (খ) 'রক্তাক্ত প্রান্তর' নাটক অবলম্বনে জোহরা চরিত্র বিশ্লেষণ করো।

২. সংক্ষেপে উত্তর দাও: ৫

(ক) 'যে ফিরে যাবে সে আমি হবো না। সে হবে বিশ্বাসঘাতক।' কে, কাকে, কেন একথা বলেছে?

অথবা, (খ) হিরণবালা কে? সংক্ষেপে তার পরিচয় দাও।

৩. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ: ৫

(ক) আমি উষ্ণ, আমি জীবন্ত। কেন আমাকে ত্যাগ করবেন?

অথবা, (খ) ছোট মুক্তিটাকে অবহেলা করে বড় মুক্তিটাকে আলিঙ্গন করেছেন।

জমীদার দর্পণ

১. (ক) 'জমীদার দর্পণ' নাটকে সমকালীন সমাজের যে পরিচয় পাওয়া যায় তা বর্ণনা কর। ১০

অথবা, (খ) 'জমীদার দর্পণ' নাটক অবলম্বনে 'নুরুন্নেহার চরিত্র' বিশ্লেষণ কর।

২. সংক্ষেপে উত্তর দাও: ৫

(ক) আমিরন কে? তার পরিচয় দাও।

অথবা, (খ) 'আপনি আমার বাপ। আমি আপনার মেয়ে।' কে, কাকে, কেন একথা বলেছে?

৩. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ: ৫

(ক) চাষার হাতে গোলাপ ফুল, একি প্রাণে সয়।

অথবা, (খ) এরা টাকার লোভে দিনকে রাত করে, রাতকে দিন করে।

৪. যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা লেখ: ২০

(ক) মুক্তিযুদ্ধের চেতনা;

(খ) জলবায়ু পরিবর্তন ও বাংলাদেশ;

(গ) মানবকল্যাণে বিজ্ঞান ও প্রযুক্তি;

(ঘ) বাংলাদেশের পর্যটন শিল্প;

(ঙ) সেই যে আমার নানা রঙের দিনগুলো।

৫. যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ৬×৫=৩০
- (ক) একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যিক? উদাহরণসহ লেখ।
- (খ) “উপসর্গের অর্থবাচকতা নেই, অর্থদ্যোতকতা আছে”— আলোচনা কর।
- (গ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যেকোনো ছয়টি):
দম্পতি, মোহনিদ্রা, তেপান্তর, কুম্ভকার, লোকভয়, উপবন, ছায়াতরু, হাসাহাসি, আয়কর।
- (ঘ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি)
নেতা, মানব, মুক্তি, বহতা, মোড়ক, ডাকাত, বৈঠক, পাচক, মুগ্ধ।
- (ঙ) যেকোনো তিনটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখ:
মা, সাগর, চাঁদ, চোখ, ঘোড়া।
- (চ) বিপরীতার্থক শব্দ লেখ (যেকোনো ছয়টি):
প্রাচীন, বিরাগ, উদ্ভত, স্বাতন্ত্র্য, স্নিগ্ধ, গৌণ, ঐহিক, বাচাল, গৃহী
- (ছ) শুদ্ধ বানান লেখ (যেকোনো ছয়টি)
সূষ্ঠ, প্রতিযোগীতা, আকাংখা, স্বস্তীক, সখ্যতা, ইতিমধ্যে, মুমূর্ষ, প্রাণীবিদ্যা, উচ্ছল।
- (জ) পারিভাষিক শব্দ লেখ (যেকোনো ছয়টি)
Audio, Bidder, Brand, Credit, Design, Exit, Justice, Myth, Bio-data.
৬. (ক) বাংলা একাডেমি আয়োজিত একুশে বইমেলায় বিবরণ দিয়ে প্রবাসী বন্ধুর কাছে একটি পত্র লেখ। ১০
- অথবা, (খ) কোনো শিক্ষা প্রতিষ্ঠানে সহকারী শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য একটি আবেদনপত্র লেখ।
৭. (ক) ‘বাংলা নববর্ষ’ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান বক্তার ভাষণ তৈরি কর। ৫
- অথবা, (খ) তোমার কলেজে উদ্‌যাপিত ‘মহান স্বাধীনতা ও জাতীয় দিবস’ উপলক্ষে একটি প্রতিবেদন রচনা কর।
৮. ভাব-সম্প্রসারণ করো: ১০
- (ক) সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।
- অথবা, (খ) জীবে প্রেম করে যেইজন,
সেইজন সেবিছে ঈশ্বর।